

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৫১

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْهُ مُرْسَلًا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنِ احْتَجَمَ أَوْ اطَّلَى يَوْمَ السَّبْتِ أَوِ الْأَرْبِعَاءِ فَلَا يُلَوِّمَنَّ إِلَّا نَفْسَهُ فِي الْوَضْحَ». رَوَاهُ فِي شَرْحِ السَّنَةِ

বাংলা

৪৫৫১-[৩৮] ইমাম যুহরী (রহিমাত্ত্বাহ) হতে মুরসাল হিসেবে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কেউ শনিবারে কিংবা বুধবারে শিঙা লাগায় অথবা শরীরের যে কোন অঙ্গে ঔষধ মালিশ করায় এবং তার দরজন শ্বেত-কুষ্ঠ রোগে আক্রান্ত হয়, তবে যেন সে নিজেকেই দোষারোপ করে। (শারভস্ সুন্নাহ)[1]

ফুটনোট

[1] যাঁফ : শারভস্ সুন্নাহ ৩২৩৫, যাঁফাহ ১৬৭২।

হাদীসটি যাঁফ হওয়ার কারণ, এর সনদে অপরিচিত ব্যক্তির মুরসাল করা হয়েছে। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয় যাঁফাহ ১৬৭২ নং ৪/১৬৮ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ আলোচ্য হাদীসটি হতে বুঝা যাচ্ছে যে, মহান আল্লাহ তা'আলার সৃষ্টির মধ্যে মাসের ও সপ্তাহের এমন কতিপয় নির্ধারিত সময় রয়েছে যাতে কিছু প্রভাব রয়েছে। এতে আল্লাহ যা চান তা সৃষ্টি করতে পারেন। (মিরকাতুল মাফাতীহ)

অতএব একজন মুসলিমের উচিত, হাদীসে বর্ণিত দিনগুলোকে স্মরণ রেখে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাতকে মূল্যায়ন করে সাবধানতা অবলম্বন করা যাতে পরবর্তীতে নিজেকে ধিক্কার না দিতে হয়। [সম্পাদক]

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয়-যুহরী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75275>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন